

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৬৮

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ যেসব আমলের মাধ্যমে নিঃস্ব ব্যক্তি সাদাকাহ করার সাওয়াব পাওয়া যাবে

ذِكْرِ الْخِصَالِ الَّتِي تَقُومُ لمُعْدِمِ الْمَالِ مَقَامَ الصدقة لباذلها

আরবী

3368 ـ أَخْبَرَنَا ابْنُ سَلْمٍ حَدَّتَنَا حَرْمَلَةُ حَدَّتَنَا ابْنُ وَهْبٍ أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ أَنَّ سَعِيدَ بْنَ أَبِي هِلَالٍ حَدَّتَهُ عَنْ أَبِي سَعِيدِ المهري: عَنْ أَبِي ذَرِّ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (لَيْسَ مِنْ نَفْسِ ابْنِ آدَمَ إِلَّا عَلَيْهَا صَدَقَةٌ فِي كل يوم طلعت فيه الشمس) قيل: يارسول اللَّهِ وَمِنْ أَيْنَ لَنَا صَدَقَةٌ نَتَصَدَّقُ بِهَا؟ فَقَالَ: (إِنَّ أَبْوَابَ الْخَيْرِ لَلَّهُ شِيرَةٌ: التَّسْبِيحُ وَالتَّحْمِيدُ وَالتَّكْبِيرُ وَالتَّهْلِيلُ وَالْأَمْرُ بِالْمَعْرُوفِ وَالنَّهْيُ عَنِ الْمُنْكَرِ لَكَثِيرَةٌ: التَّسْبِيحُ وَالتَّحْمِيدُ وَالتَّكْبِيرُ وَالتَّهْلِيلُ وَالْأَمْرُ بِالْمَعْرُوفِ وَالنَّهْيُ عَنِ الْمُنْكَرِ وَتُحْمِيدُ وَالتَّعْبِينُ وَلَعْمَى وَتُدلُّ الْمُسْتَدِلَّ عَلَى حَاجَتِهِ وَتُسْمِع الْأَصَمَّ وَتَهْدِي الْأَعْمَى وَتُدلُّ الْمُسْتَدِلَّ عَلَى حَاجَتِهِ وَتَسْمِع الْأَصَمَّ وَتَحْمِلُ بِشِدَّةٍ ذِرَاعَيْكَ مَعَ الضَّعِيفِ فَهَذَا وَتَسْمَع بَشِدَةٍ مِنْكَ مَعَ الطَّعْفِي الْمُسْتَغِيثِ وَتَحْمِلُ بِشِدَّةٍ ذِرَاعَيْكَ مَعَ الضَّعِيفِ فَهَذَا كُلُّهُ صَدَقَةٌ مِنْكَ عَلَى نفسك)

الراوي : أَبُو ذَرِّ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3368 ا خلاصة حكم المحدث: صحيح لغيره – ((الصحيحة)) . (575).

বাংলা

৩০৬৮. আবূ যার গিফারী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "প্রতিটি আদম সন্তানের জন্য সূর্য উদিত হয়, এমন প্রতিটি দিনে সাদাকাহ করা জরুরী।" তাকে বলা হলো, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, সাদাকাহ করার মতো এতো সহায়-সম্পদ আমরা কোথায় পাবো?" তখন তিনি বলেন, "নিশ্চয়ই কল্যাণের দরজাসমূহ অনেক। সুবহানাল্লাহ, আলহামদু লিল্লাহ, আল্লাহু আকবার, লা ইলাহা ইল্লাল্লাহ, সৎ কাজের আদেশ, অসৎ কাজে নিষেধ করা, রাস্তা থেকে কষ্টদায়ক জিনিস অপসারণ করবে, বধিরকে কথা বুঝিয়ে দিবে, অন্ধকে পথ দেখাবে, দিশাপ্রার্থী (দিকভ্রান্ত ব্যক্তি, যে সঠিক দিকের



দিশা জানতে চায়) ব্যক্তিকে তার প্রয়োজনীয় স্থানের দিশা দিবে, কিংকর্তব্যবিমূঢ় বা মাযলূম সাহায্যপ্রার্থী ব্যক্তিকে সাহায্য করার জন্য, তুমি তোমার দৃঢ় পদযুগলের মাধ্যমে জোর প্রচেষ্টা চালাবে, তোমার দৃঢ় বাহুর মাধ্যমে তুমি দুর্বল ব্যক্তির বোঝা বহন করে দিবে-এসব গুলোই তোমার নিজের জন্য সাদাকাহ হিসেবে গণ্য হবে।"[1]

ফুটনোট

[1] ইমাম সুয়ূতী রহিমাহুল্লাহ, আল জামিউল কাবীর: ২/৬১৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (সহীহাহ: ৫৭৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন